দৈনিক ইত্তেফাক

তারিখ 0 3 JAN 1988
পৃষ্ঠা ১ কলাম

008

# ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার দাবী

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিবেশ পরিষদ অবিলম্বে বিশ্ববিদ্যালয় বন্ধের সরকারী আদেশ প্রত্যাহারের দাবী জানাইয়াছে। গতকাল (শনিবার) ভিসি প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভার প্রস্তাবে বলা হয়, বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার কারণে হাজার হাজার ছাত্র-ছাত্রীর যে অপূরণীয় ক্ষতি হইতেছে তাহার দায়িত্ব সরকারকে বহন করিতে হইবে। বিশ্ববিদ্যালয় আদেশ '৭৩ অনুযায়ী বিশ্ববিদ্যালয় বন্ধের এখতিয়ার একমাত্র সিণ্ডিকেটের।

সভায় শিক্ষার সামগ্রিক স্বার্থে বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষা কার্যক্রম অনতিবিলম্বে চালু করার জন্য এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলের নিরাপত্তা ও

(২য় পৃঃ পর)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃষ্ঠার পর)

শান্তি নিশ্চিত করার জন্য দাবী জানানো হয়।

সভায় পরিষদভুক্ত ২২টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ আগামী ৬ই জানুয়ারীর মধ্যে বিশ্ববিদ্যালয় খোলার ঘোষণা দাবী করিলে ঐক্যমত পোষণ করা হয়। ছাত্র নেতৃবৃন্দ সভায় বলিয়াছেন, ৬ই জানুয়ারীর মধ্যে বিশ্ববিদ্যালয় না খুলিলে ৭ই জানুয়ারী ২২টি ছাত্র সংগঠনের সমাবেশে চূড়ান্ত কর্মসূচী গ্রহণ করা হইবে।

পরিবেশ পরিষদের সভার প্রস্তাব অনুযায়ী দুই-একদিনের মধ্যে সিণ্ডিকেটের সভায় ক্লাস শুরুর পূর্বে হলসমূহ খুলিয়া দেওয়া যায় কি না, আলোচনা করা হইবে বলিয়া জানা গিয়াছে। সভায় প্রো-ভিসি ডঃ এমাজউদ্দিন আহমেদ, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর আমিনুল ইসলামও উপস্থিত ছিলেন।

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক প্রফেসর গোলাম সামদানী কোরায়েশী, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কামরুজ্জামান ও সাধারণ সম্পাদক মিসেস হেনা দাস এবং বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সহ-সভাপতি মিসেস সুফিয়া খাতুন ও সাধারণ সম্পাদক মোঃ ফজলুর রহমান যুক্ত বিবৃতিতে অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলিয়া দেওয়ার দাবী জানাইয়াছেন।

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির জরুরী সভায় অবিলম্বে ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার পাশাপাশি বর্তমান আন্দোলনে আটক সকল ছাত্র রাজবন্দীর মুক্তি দাবী করা হয়। সমিতির সভাপতি প্রফেসর এম, আমিনুল ইসলামের সভাপতিত্বে সভায় জরুরী আইন প্রত্যাহার, সরকারের পদত্যাগ এবং নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের হাতে ক্ষমতা হস্তান্তরের দাবী জানানো হয়।